

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ৫, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
প্রজ্ঞাপন

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫/৩১ মে ২০১৮

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৪)-৩২৫।—টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার নির্বাচনের বিষয়ে দাখিলকৃত রিট পিটিশন নং-২২০৬/২০১৮ এ মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২ এপ্রিল ২০১৮ তারিখে রিটার্নিং অফিসার কর্তৃক ঘোষিত সময়সূচী সম্বলিত বিজ্ঞপ্তি নং-১৭.০৯.৯৩০০.০০০.৩৮.১০১.১৮-১৯৩ তারিখঃ ০২ এপ্রিল ২০১৮ এর উপর ০৬(ছয়) মাসের প্রদত্ত স্থগিত আদেশ সিপিএলএ নং- ১৮৪৫/২০১৮ এ ১৩ মে ২০১৮ তারিখের আদেশে মাননীয় আপিল বিভাগ বুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সময়ের জন্য স্থগিত করতঃ নতুন তফসিল জারি করে জুন, ২০১৮ এর মধ্যে নির্বাচন অনুষ্ঠানের নির্দেশনা প্রদান করায় স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার মেয়র, সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর এবং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচী পুনঃঘোষণা করিতেছে :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২২ জ্যৈষ্ঠ ১৪২৫ ০৫ জুন ২০১৮	মঙ্গলবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ ০৭ জুন ২০১৮	বৃহস্পতিবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	৩১ জ্যৈষ্ঠ ১৪২৫ ১৪ জুন ২০১৮	বৃহস্পতিবার
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১৬ আষাঢ় ১৪২৫ ৩০ জুন ২০১৮	শনিবার

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ ফরহাদ হোসেন

উপসচিব (চলতি দায়িত্ব)

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৩৭১)

মূল্য : টাকা ৪.০০